

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যালয়
তারাকান্দা, ময়মনসিংহ।

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী


সভাপতি : জনাব সালমা আক্তার কাকন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, তারাকান্দা, ময়মনসিংহ।
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।
সভার তারিখ : ১৫/০৯/২০২১ খ্রিঃসময় : দুপুর ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা তারাকান্দা ও সদস্য সচিব তারাকান্দা উপজেলায় বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কার্যক্রমের উপর গুরুত্বারোপ করেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>সভাপতি সভায় এলাকায় বাজার দর নিয়ন্ত্রণে রাখতে বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণের জন্য এ কমিটি গঠন করা হয়। সব সময় নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদিও সরবরাহ নিশ্চিতকরণ ও দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>ডাকাতিয়াইউনিয়ন পরিষদের সম্মনিত চেয়ারম্যান বাজার দর নিয়ন্ত্রণ করার জন্য গতিশীল মনিটরিং এর বিকল্প নেই বলে উল্লেখ করেন।</p> <p>সভাপতি জানান যে মাছ ও সবজির বাজার সব সময় উর্ধ্ব গতি পরিলক্ষিত হয় যা গ্রাহকদেও ভোগান্তিতে পড়তে হয় এজন্য এর সরবরাহ নিশ্চিত করে সহনীয় অবস্থায় নিয়ে আতে হবে। চেয়ারম্যান, ভরাডোবা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে নিত্য প্রয়োজনীয় পণ্যেও মূল্য বিক্রয় কেন্দ্র প্রদর্শনের বিষয়ে মনিটরিং ও নিয়ন্ত্রণ এবং প্রতি মাসে কমপক্ষে ২ দিন বাজার পরিদর্শন সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</p> <p>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তারাকান্দা জানান যে, অত্র খাদ্য বিভাগের সবচেয়ে গুরুত্বপূর্ণ কর্মসূচী ধান/চাল সংগ্রহ বর্তমানে চালু আছে। ইতিপূর্বে লটারীর মাধ্যমে বিজয়ী কৃষকদের কাছ থেকে ধান এবং সরকারের সাথে চুক্তিবদ্ধ রাইস মিলারদের কাছ থেকে চাল সংগ্রহ করা হচ্ছে। খাদ্য বিভাগের আরেকটি কর্মসূচী খাদ্য বান্ধব কর্মসূচী যা বৎসরের পাঁচ মাস (মার্চ, এপ্রিল এবং সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর) পরিচালিত হয়। কিন্তু মুজিববর্ষ উপলক্ষে এটা পাঁচ মাস থেকে বর্ধিত করে সাত মাস পরিচালিত হবে। তাই ইতিপূর্বে কিছু কিছু উপকারভোগী যদি স্বচ্ছল থেকে থাকে বা মৃত থাকে তদস্থলে নতুন অস্বচ্ছল/জীবিত ব্যক্তিকে অন্তর্ভুক্ত করে তালিকা সংশোধনপূর্বক ওয়েবসাইটে আপলোড করার লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যান মহোদয়গণকে প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। তাছাড়া তিনি জানান যে, বিভাগের অন্যান্য নিয়মিত কার্যক্রমসূহ যথারীতি সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</p>	<p>সভায় বিস্তারিত আলোচনান্তে ঈদুল্লী দারিদ্র বিমোচন ও কৃষক এই দুয়ের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে এর বিস্তার বাড়ানোর ব্যাপারে সভায় সিদ্ধান্ত হয়।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(সালমা আক্তার কাকন)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তারাকান্দা।

তারিখঃ ১৫/০৯/২০২১ খ্রিঃ

স্মারক নং-বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ/তা.ম/২০২১-

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, তারাকান্দা, ময়মনসিংহ।


উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা
তারাকান্দা, ময়মনসিংহ।